গাংনীতে ছাত্রলীগের কমিটি নিয়ে বিরোধ নিস্পত্তি হওয়া দরকার

গাংনী উপজেলা ছাত্রলীগের নতুন কমিটি নিয়ে নেতা কর্মীদের মধ্যে ক্ষোভের দানা বেধেছে। সেই ক্ষোভ থেকে জেলার শীর্ষ নেতার বিরুদ্ধে কটুক্তি সহ তার কুশপুতুল দাহ করা হয়েছে। রাজনৈতিক আন্দোলনের নানা রকম কর্মসূচী থাকতেই পারে।

পদবঞ্চিত হয়ে দলের শীর্ষ নেতার বিরুদ্ধে এ ধরনের কর্মসূচি কতটুকু রাজনৈতিক শিষ্টাচারের মধ্যে পড়ে তা অবশ্যই ভেবে দেখা উচিত। রাজ পথে এ ধরণের আন্দোলনের পূর্বে শীর্ষ নেতাদের সাথে দফায় দফায় সংলাপ ও সমোঝতার একটি পরিবেশ তৈরি করার প্রয়োজন ছিলো।

অপর দিকে উপজেলার মত একটি ইউনিটের কমিটি গঠনের ক্ষেত্রে জেলার শীর্ষ নেতাদেরও সাংগঠনিক নেতা কর্মীদের প্রাধান্য দেওয়া উচিত ছিলো।

মন গড়া বা নিজস্ব অনুগতদের কমিটিতে দায়িত্ব দিয়ে সাংগঠনিক ভাবে ব্যার্থতার পরিচয় দিয়েছেন। যা তেকে কেবল দলীয় বিভেদ, কোন্দল সৃষ্টি হতে পারে। ফলে দলকে সুসংগঠিত করতে হলে অবশ্যই বিষয় গুলো কে গুরুত্ব সহকারে প্রাধান্য দিতে হবে। গাংনীতে ছাত্রলীগের কমিটি নিয়ে সৃষ্ট বিরোধ নিস্পত্তি করতে হবে।

মেপ্র/ইএম

গাংনীতে ছাত্রলীগের প্রতিবাদ বিক্ষোভ অব্যহত

মেহেরপুরের গাংনী উপজেলা ছাত্রলীগের মেয়াদোত্তীর্ণ কমিটি বিলুপ্ত করে ঘোষিত নতুন কমিটির প্রতিবাদে দ্বিতীয় দিনের মতো বিক্ষোভ সমাবেশ করেছে ছাত্রলীগের নেতাকর্মীরা।

অযোগ্যদের দিয়ে নতুন কমিটি করা হয়েছে অভিযোগ তুলে নতুন কমিটি গঠনের দাবিতে মঙ্গলবার দুপুরে গাংনী শহরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করা হয়।
রোববার রাতে জেলা ছাত্রলীগ এ কমিটি ঘোষণা করে। এর প্রতিবাদে সোমবার বিক্ষোভ সমাবেশ ও জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদকের কুশপুত্তলিকা দাহ করে ছাত্রলীগের নেতাকর্মীরা।

প্রতিবাদ কর্মসুচীর অংশ হিসেবে আজ দুপুরে গাংনী হাসপাতাল বাজার থেকে বিক্ষোভ মিছিল শুরু হয়। মিছিলটি গাংনী বাস স্ট্যান্ডে সমাবেশের মধ্য দিয়ে শেষ হয়। সেখানে বক্তব্য রাখেন পৌর ছাত্রলীগ সভাপতি ইমরান হাবীব, কলেজ ছাত্রলীগ সভাপতি মাহমুদ হাসিবসহ ছাত্রলীগের বিভিন্ন ইউনিট নেতৃবৃন্দ।

মাদকের অভয়ারণ্য তেঁতুলবাড়ীয়ার বিভিন্ন সীমান্ত (পর্ব-১)

মেহেরপুর জেলার গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের বেশ কিছু গ্রাম মাদক ব্যবসার নিরাপদ রুট হিসেবে ব্যবহার হচ্ছে। তেঁতুলবাড়িয়া, খাস মহল, রংমহল, সহড়াতলা, কল্যানপুর, নওদাপাড়া, পলাশীপাড়া, মথুরাপুর, করমদি গ্রামের বেশ কিছু পরিবারের সদস্যরা জড়িয়ে পড়েছে মাদক ব্যবসার সাথে। গাঁজা, ফেন্সিডিল, মদ সহ বিভিন্ন মাদক দ্রব্য ভারত থেকে এনে ছড়িয়ে দিচ্ছে দেশের বিভিন্ন প্রান্তে।

নির্ভরযোগ্য একটি সুত্র থেকে জানা যায়, নির্দিষ্ট কমিশন দিয়ে ভারত থেকে মাদক দ্রব্য আনা হয়। প্রতি ১০০ বোতল ফেন্সিডিল আনতে কমিশন হিসেবে দিতে হয় ৪ থেকে ৫ হাজার টাকা। প্রত্যেক ব্যবসায়ীদের কাছে থেকে নির্দিষ্ট হারে চাঁদা নিয়ে ম্যানেজ করা হয় কিছু প্রশাসনের লোকদের।

অনুসন্ধানে জানা গেছে, সহড়াতলা গ্রামের আজের আলীর ছেলে লাইনম্যান বাদশা ও তেঁতুলবাড়িয়া গ্রামের মৃত আকেববার আলীর ছেলে এলাকার ক্ষমতাসীন রাজনৈতিক নেতা মোখলেছুর রহমান মোখলেছ ঐ এলাকার মাদক ব্যবসার নিয়ন্ত্রক হিসেবে কাজ করে। এলাকার চিহিৃত মাদক ব্যবসায়ী

হিসেবেও পুলিশের কাছে তথ্য রয়েছে পুলিশের একটি সূত্র জানিয়েছে।

এ বিষয়ে মোখলেছ এর সাথে যোগাযোগ করা হলে তিনি মোবাইল ফোনে মেহেরপুর প্রতিদিনকে জানান, আমি একজন রাজনৈতিক নেতা। আমার বিরুদ্ধে যা অভিযোগ উঠেছে সেটা সঠিক না।

এছাড়াও এক বা একাধিক মাদক মামলার পলাতক আসামী এখনো চুটিয়ে ব্যবসা চালাচ্ছে। এর মধ্যে রয়েছে, করমদি গ্রামের আফেল উদ্দিন এর ছেলে আব্দুল হান্নান। যার বিরুদ্ধে একটি অস্ত্র মামলা ও তিনটি মাদক মামলা রয়েছে। পুলিশের ধরা ছোয়ার বাইরে থেকে মাদক ব্যবসা চালিয়ে যাচ্ছে।

সহড়াতলার হারুন-অর-রশিদ এর ছেলে মাদান। ২০১৬ সালে ১১২ পিচ ভারতীয় শাড়ি সহ মাদান আটক হয়। শাড়ী চোরাচালান এর দায়ে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়।

সহড়াতলা গ্রামের আজের আলীর ছেলে বাদশা। সে লাইনম্যান হিসেবে কাজ করে। ২০১২ সালে ১২ বোতল ফেন্সিডিলসহ পুলিশের হাতে ধরা খায়। এরপর জামিনে মুক্ত হয়ে এলাকায় মাদক ব্যবসার মুল নিয়ন্ত্রক হিসেবে কাজ করে।

কল্যানপুর গ্রামের সামসুল এর ছেলে শরিফুল। যার বিরুদ্ধে গাংনী থানায় ২টি মাদক মামলা আছে। ২০১৮ সালে অক্টোবর মাসের ২৭ তারিখে ৫৯ বোতল ফেন্সিডিলসহ আটক হয়। একই সাথে নজরুল এর ছেলে রুবেলও আটক হয়।

নওদাপাড়ার মেহের শেখ এর হামিদুল। ২০১২ সালের মারামারি মামলার আসামী। এখন সে ফেন্সিডিল ব্যবসায়ী।

মথুরাপুরের রবিউল এর ছেলে রজব। এবছর মার্চ মাসের ৭ তারিখে ১৮ বোতল ফেন্সিডিল সহ আটক হয়। তার বিরুদ্ধে গাংনী থানায় ২ টি মাদক মামলা আছে।

মৃত ওয়াজিল শেখ এর ছেলে কালু। তার বিরুদ্ধে ২ টি মাদক মামলা আছে। পলাশীপাড়ার গোলাম রসুল ওরফে ফড়ুর ছেলে সেলিম। ২০১০ সালে স্বর্ন চুরি মামলায় আটক হয়।নখাসমহলের মৃত চাঁন্দর ছেলে মফিজ। তার বিরুদ্ধে ৩টি মাদক সহ গাংনী থানায় ৪টি মামলা আছে।

এছাড়াও সহড়াতলার আতর আলীর ছেলে আসাদুল, মথুরাপুরের মৃত ইব্রাহীম এর ছেলে সাইদ, মৃত কামাল খাঁ এর ছেলে আশরাফ, তেঁতুলবাড়িয়া

গ্রামের জানালির ছেলে মোসা, মনিরুল ফকির এর স্ত্রী রাহিমা, সামেক উদ্দিন এর ছেলে রহিম।

বেশ কিছু চিহ্নিত মাদক ব্যবসায়ী প্রশাসনকে ম্যানেজ করে পুলিশ ক্লিয়ারেন্স নিয়ে বিদেশেও পাড়ি জমিয়েছে।

এর মধ্যে রয়েছে হারান শেখ এর ছেলে লোকমান। চলতি বছর জুলাই মাসে ৫০ বোতল ফেন্সিডিল সহ আটক হয়। তার বিরুদ্ধে গাংনী থানায় মাদক মামলা আছে।

নাম প্রকাশে অনিচ্ছুক বেশ কয়েকজন ব্যাক্তি জানান, এলাকার প্রভাবশালী নেতা মখলেছ ও লাইনম্যান বাদশার নেতৃত্বে চলছে মাদক ব্যাবসা। প্রশাসনকে ম্যানেজ করে সরাসরি ভারত থেকে মাদক নিয়ে আসছে। রাতে ভারত থেকে কাঁটাতারের বেড়া পার করে সকালের ভিতর বিভিন্ন মাধ্যমে ক্রেতাদের কাছে পৌছে দেওয়া হয়। বড় বড় চালান আসলে সেগুলো বিভিন্ন যান বাহনে করে দেশের বিভিন্ন জায়গায় পাচার করা হয়।

বিভিন্ন পত্রিকায় প্রকাশিত সংবাদ অনুযায়ি ২০১৯ সালের শুধু ডিসেম্বর মাসেই ১৬ জন মাদক ব্যবসায়ীকে বিভিন্ন মাদক দ্রব্যসহ আটক করা হয়েছে। সেই সাথে মাদক সেবনের অপরাধে ২ জনকে কারাদন্ড দেওয়া হয়েছে।

এরপরও কিন্তু থেমে যায়নি মাদক ব্যবসা। মামলায় আটক করা হলেও আদালত থেকে েজিান মুক্ত হয়ে যায় আসামীরা। ফিরে এসে আবার শুরু মাদক ব্যবসা। কেনইবা থামানো যাচ্ছে না মাদক ব্যবসাকে, দুর্বলতা কোথায়, এ ব্যর্থতার দায় কি শুধু প্রশাসনের নাকি অন্য কারও, এমন প্রশ্ন এলাকার সচেতন মহলের?

সহড়াতলা বিজিবি ক্যাস্প কমান্ডার খায়রুজ্জামান বলেন, আমি সবে মাত্র এখানে যোগদান করেছি। তারপরও নিয়মিত অভিযান অব্যাহত রেখেছি। আপনারা জানেন ইতিমধ্যে বেশ কয়েকবার মাদক দ্রব্য আটক করেছি। যারা এর সাথে জড়িত তাদেরকেও আটক করে আইনের আওতায় হবে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান বলেন, মাদক এর বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষনা করা হয়েছে। যারা এর সাথে জড়িত তাদের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে। মাদক নির্মুলে সব ধরনের ব্যবস্থা গ্রহন করেছে গাংনী থানা পুলিশ এবং সে মোতাবেক আমরা কাজ করে যাচ্ছি।

জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ওসি রবিউল ইসলাম জানান, আমরা মাদক মুক্ত মেহেরপুর গড়তে বদ্ধ পরিকর। আপনারা জানেন প্রতিনিয়ত জেলা গোয়েন্দা পুলিশ মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান চালাচ্ছে। ইতি মধ্যে মাদক সম্রাটদের আটক করে তাদের চালান দেওয়া হয়েছে। মাদকের বিরুদ্ধে আমাদের অভিযান অব্যাহত থাকবে। (চলবে)

- বিশেষ প্রতিনিধি

গাংনীতে মুক্তিযোদ্ধাদের সাথে স্থানীয় এমপি’র মতবিনিময়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শত বার্ষিকী উপলক্ষে মেহেরপুরের গাংনীতে মুক্তিযোদ্ধাদের সাথে মত বিনিময় করেছেন স্থানীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন।
রোববার দুপুরে গাংনী থানা সড়কে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সংসদ সদস্য সাহিদুজামান খোকন বলেছেন, বর্তমান সরকার জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের বিভিন্নভাবে সুযোগ সুবিধা দিয়ে সম্মানীত করছেন। আগামীতেও মুক্তিযোদ্ধাদের সম্মানে তিনি যা করার তা করবেন। বর্তমান সরকার বীর মুক্তিযোদ্ধাদের যেভাবে সম্মানীত করেছেন বিগত কোন সরকার সুযোগ থাকা সত্বেও তা করেনি।

তিনি বলেন, মুক্তিযুদ্ধের পক্ষের শক্তি আওয়ামীলীগ সরকার মনে প্রানে আপনাদের ভাল রাখার চেষ্টা অব্যাহত রেখেছেন। কিন্তু একটি চক্র মুক্তিযুদ্ধের ইতিহাস নিয়ে খেলা করছে। চক্রান্তকারীদের মুক্তিযোদ্ধাদের ইতিহাস নিয়ে না খেলতে হুশিয়ারীদেন। তিনি বলেন মুক্তিযোদ্ধাদের নিয়ে চক্রান্ত করলে তার পরিনাম ভালো হবে না বলেও হুশিয়ারী প্রদান করেন চক্রান্তকারীদের।

অনুষ্ঠানে উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, পৌর মেয়র আশরাফুল ইসলাম, গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা ওবাইদুর রহমান ও মুক্তিযোদ্ধা নেতা আমিরুল ইসলামসহ আওয়ামীলীগ

নেতা, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যসহ বীর মুক্তিযোদ্ধারা উপস্থিত ছিলেন।

এসময় সাবেক উপজেলা চেয়ারম্যান এ্যাডঃ শফিকুল আলম, গাংনী ইটভাটা মালিক সমিতির নেতা এনামুল হকসহ অনেকেই বক্তব্য রাখেন।
- নিজস্ব প্রতিনিধি

সম্মাননা স্বীকৃতি পেলো সাংবাদিক এ সিদ্দিকি শাহিন

মেহেরপুর প্রতিদিনের গাংনী প্রতিনিধি এ সিদ্দিকি শাহিন ‘আলোর পথে আমরা’ সংগঠনের পক্ষ থেকে সম্মাননা পেয়েছেন।

শুক্রবার বিকালে সংঘঠনের পক্ষ থেকে তাকে এ সম্মাননা দেওয়া হয়।

তার এই সম্মননা প্রাপ্তিতে মেহেরপুর প্রতিদিনের পক্ষ থেকে সম্পাদক ইয়াদুল মোমিন, প্রকাশক এম.এ.এস ইমন, যুগ্ম সম্পাদক আল-আমীন, চীফ রির্পোটার মর্তুজা ফারুক রুপক, স্টাফ রির্পোটার পারভেজ, পিয়াল, ওবায়দুল, শাকিল সহ মেহেরপুর পরিবারের পক্ষ থেকে তাকে অভিন্দন জানানো হয়।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীর পল্লীতে প্রধান শিক্ষক কর্তৃক যৌন হয়রানির শিকার

[redacted]

[redacted]

[redacted]

[

আমার মেয়ে ভাল আছে। তাছাড়া তেমন কিছুই হয়নি। মেয়েকে বিদ্যালয়ে না দেওয়ার কারণ জানতে চাইলে তিনি বলেন, মেয়ের বয়স হয়েছে তার বিয়ে দিতে হবে। তাছাড়া গরীব মানুষের মেয়ে লেখা পড়া চালানো সম্ভব না। তাই মেয়েকে বিদ্যালয়ে আর পাঠাবনা।

মেয়ের বাল্য বিয়ে দিলে জেলা জরিমানা হতে পারে এমন কথা বললে তিনি বলেন মেয়েকে অন্য বিদ্যালয়ে ভর্তি করব। কিন্তু ঐ বিদ্যালয়ে পাঠাবনা।
এদিকে প্রধান শিক্ষক এনামুল ইসলামের বিরুদ্ধে ছাত্রীদের যৌন হয়রানির ব্যাপারে একাধিক অভিযোগ রয়েছে বলে অনেকে জানান।

জানতে চাওয়া হলে প্রধান শিক্ষক এনামুল ইসলাম বলেন, আমার বিরুদ্ধে এসব অভিযোগ একেবার মিথ্যা। আমাকে ফাঁসানোর জন্য এসব মিথ্যা কথা রটানো হচ্ছে।
এক প্রশ্নের জবাবে তিনি বলেন, এলাকায় আমার কিছু প্রতিপক্ষ রয়েছে তারা আমার বিরুদ্ধে এ সব অপপ্রচার চালাচ্ছে। কারা এবং কেনই বা অপপ্রচার চালাচ্ছে জানতে চাইলে তিনি বলেন, এ বিষয়ে মোবাইলে না বলে সরাসরি বলবেন বলে বিষয়টি এড়িয়ে যান।

- গাংনী প্রতিনিধি

গাংনীর উপজেলা প্রশাসনের পক্ষে থেকে ইটভাটা মালিকদের নোটিশ প্রদান

মেহেরপুর জেলার গাংনী উপজেলার বিভিন্ন ইটভাটা মালিকদের নোটিশ প্রদান করেন। ইটের কাজে জন্য মাটি পরিবহনের সময় সরকারী রাস্তাতে মাটি পড়ার কারণে জন সাধারনের চলাচলের ক্ষেত্রে জনদূর্ভোগ ও জন নিরাপত্তা হীনতা সৃষ্টি হচ্ছে।

যাহা ফৌজদারী কার্যবিধি -১৮৯৮ এর- ১৩৩ ধারা মোতাবেক অপরাধ।

গাংনী উপজেলার বিভিন্ন রাস্তার ব্যবহারের করে থাকেন ইটভাটা

মালিকরা। মাটি পরিবহনের জন্য ট্রাকটর ব্যবহার করে থাকে সে সময় রাস্তার উপর পড়া মাটি। সামান্য বৃষ্টি হলে রাস্তায় চলাফেরা জন দূর্ভোগের মাত্র আরো বেড়ে যায়।

গতকাল শুক্রবার সকাল ১১.৩০মি সময় গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভৃমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ইয়ানুর রহমান ও গাংনী থানা পুলিশের এস আই হাবিব, সহ বাঁশবাড়ীয়া ও চিৎলা রাস্তার পার্শ্বে ভাই ভাই ব্রিকস, আনারুল ব্রিকস অভিযান চালান ও নোটিশ প্রদান করেন।

এবং ভাটামালিকদের রাস্তা পরিস্কার রাখিবার জন্য অনুরোধ করেন।

- আল-আমীন, গাংনী

করমদী মাধ্যমিক বিদ্যালয়ে গাছ কর্তনে মিথ্যাচার করেছেন প্রধান শিক্ষক আলম হুসাইন

মেহেরপুরের গাংনী উপজেলার করমদী মাধ্যমিক বিদ্যালয়ে মাঝারি থেকে বড় সাইজের ৮টি গাছ কর্তন করেন। গত ২০১৯ সালের ডিসেম্বর মাসের ১৫ তারিখ থেকে ১৭ তারিখ তিনদিন ধরে তিনি মোট ৮টি গাছ কর্তন করেন।

গাছ কাটার ব্যাপারে প্রধান শিক্ষক মুহাঃ আলম হুসাইন কোন প্রকার নিয়ম কানুন না মেনে আইনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে নিজের ইচ্ছায় তিনি গাছ গুলো কাটেন।

এ ব্যাপারে তিনি সাংবাদিকদের বিদ্যালয় পরিচালনা কমিটির মিটিং করে রেজুলেশন খাতায় সকলের স্বাক্ষর করে সকলের মতামতের ভিত্তিতে গাছ কাটা হয়েছে বলে জানান। অথচ বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি লাইলা আরজুমান শিলা সাংবাদিকদের জানান, প্রধান শিক্ষক মৌখিকভাবে গাছ কাটার বিষয়ে জানিয়েছিল।

কিন্তু সভাপতি প্রধান শিক্ষককে নিয়মের বাইরে কোন কিছু করা

- এ সিদ্দিকী শাহীন, গাংনী

গাংনীতে জাতীয় ভিটামিন ‘‘এ’’ প্লাস ক্যাম্পেইনে অবহিতকরন সভা

জাতীয় ভিটামিন “এ” প্লাস ক্যাম্পেইন /২০২০ গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর আয়োজনে উপজেলা পর্যায়ে অবহিতকরন ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকালে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রিয়াজুল আলম।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী পৌরসভার মেয়র আশরাফুল ইসলাম, সহকারি কমিশনার (ভুমি) ইয়ানুর রহমান, গাংনী থানার এস.আই হাবিব, গাংনী উপজেলা ইমাম সমিতির সভাপতি ও উপজেলা জামে মসজিদের ইমাম ইলিয়াস হোসেনসহ বিভিন্ন শ্রেনীপেশার মানুষ অংশগ্রহন করেন ।

অনুষ্ঠানের সঞ্চালক ইপিআই টেকনিশিয়ান আব্দুর রশিদ জানান, এবছর ৬-১১ মাস বয়সের ৩৭৫২ জন শিশুকে এবং ১২-৫৯ মাস বয়সের ২৯ হাজার ৭৫৮ জন শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে।

এ জন্য ইউনিয়ন, পৌরসভা ও উপজেলা পর্যায়ে ২১৯ টি কেন্দ্র নির্ধারন করা হয়েছে। ২৭ জন তত্বাবধানকারীর তত্বাবধঅনে ৪৩৮ জন সেচ্চাসেবীর মাধ্যমে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন সুষ্ঠ ভাবে সমপন্ন করা হবে।

- গাংনী প্রতিনিধি

[redacted]

[redacted]

-□□□□□□ □□□□□□□□□□